# মৃত্যু ছাড়া আমাকে নির্বাচন থেকে সরাতে পারবে না' বলার পরই বিএনপি নেতার মৃত্যু



সাইফুল ইসলাম। ছবি: সংগৃহীত

চেয়ারম্যান পদে নির্বাচনের ঘোষণা দিয়ে গণসংযোগের সময় বলেছিলেন, মৃত্যু ছাড়া কেউ তাকে নির্বাচন থেকে সরাতে পারবে না। সেই বক্তব্য দেওয়ার কয়েক ঘণ্টার মধ্যেই মারা গেলেন কুমিল্লার চান্দিনা উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক সাইফুল ইসলাম খোকন।

সাইফুল ইসলাম খোকন এর আগে চান্দিনা উপজেলা যুবদলের ভারপ্রাপ্ত সভাপতির দায়িত্বও পালন করেছেন।

সোমবার( ৭ সেপ্টেম্বর) নিজের ইউনিয়ন শুহিলপুরে চেয়ারম্যান পদে নির্বাচন করার লক্ষ্য নিয়ে হাজারো নেতাকর্মী ও সমর্থককে সঙ্গে নিয়ে গণসংযোগ করেন তিনি। এ সময় তাকে নিয়ে আলোচনা ছিল, শেষ পর্যন্ত তিনি নির্বাচন থেকে সরে দাঁড়াতে পারেন।

তবে নিজের প্রার্থিতার বিষয়ে অনড় থাকার কথা জানিয়ে নেতাকর্মী ও সমর্থকদের উদ্দেশে খোকন বলেন, 'আমার মৃত্যু ছাড়া কেউ আমাকে নির্বাচন থেকে সরাতে পারবে না।'

গণসংযোগ শেষে রাত ৯টার দিকে বাড়িতে ফেরেন তিনি। পরে রাত ১২টার দিকে হঠাৎ শরীরে ব্যথা অনুভব করলে স্বজনরা তাকে দ্রুত স্থানীয় একটি হাসপাতালে নিয়ে যান। সেখান থেকে পরে তাকে গৌরীপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়।

গৌরীপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. হাবিবুর রহমান জানান, রাত ১টার দিকে সাইফুল ইসলাম খোকনকে হাসপাতালে আনা হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

তার মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন কুমিল্লা উত্তর জেলা জাতীয়তাবাদী সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন জাসাসের সাধারণ সম্পাদক এস এম মিজান।